

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী


তারিখ : ১৮-০৭-২০২১ খ্রিঃ ও সময় : বেলা ১১.০০ ঘটিকা
স্থান : উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়।
সভাপতি : জনাব মোঃ মনিরুজ্জামান মনির,
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন পূর্বক সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/ সুপারিশ | সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
|--|--|---|--------------------------------------|
| পূর্ববর্তী সভার মন্তব্য পাঠ ও দৃঢ়করণ | সভায় কমিটির সদস্য সচিব উপজেলা কৃষি কর্মকর্তা বিগত সভার সিদ্ধান্ত সমূহ উপস্থাপন করেন এবং সিদ্ধান্ত সমূহের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। সভায় সারের মজুদ সংক্রান্ত বিগত সভার আলোচনা পুনরায় উল্লেখ করা হয়। | সারের পর্যাপ্ত মজুদ থাকায় সভায় উপস্থিত সদস্য বৃন্দ সন্তোষ প্রকাশ করেন এবং উপজেলা কৃষি অফিসার সারের প্রকৃত মজুদ নিয়ে মাসিক সভায় তথ্য উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| বানিজ্যিক ফল বাগান | সভায় নারগয়া ইউনিয়নের চেয়ারম্যান অবহিত করেন যে, ইতোমধ্যে ইউজিডিপি থেকে বাণিজ্যিক ফল বাগান স্থাপন বিষয়ক একটি প্রশিক্ষণ সফল ভাবে সমাপ্ত হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকলের প্রশিক্ষণ পরবর্তী কার্যক্রম মনিটরিং করার জন্য অভিমত ব্যক্ত করেন। | সভায় উপ-সহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| 'উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প' এর আওতায় 'দক্ষতা উন্নয়ন' উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ | কমিটির সদস্য সচিব উপজেলা কৃষি অফিসার সভায় অবহিত করেন যে, ২০২০-২১ অর্থবছরে বালিয়াকান্দি উপজেলা পরিষদ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হইতে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য ১০ লক্ষ টাকা বরাদ্দ পেয়েছে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হইতে কৃষি বিষয়ক উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরনের জন্য চিঠির মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। সভায় উপস্থিত সকল সদস্য উপ-প্রস্তাব প্রেরণের জন্য বিস্তারিত আলোচনা করেন। | বিস্তারিত আলোচনান্তে দুইটি উপ-প্রকল্প প্রস্তাবনা পিএসসি সভায় প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। যথা- ০১। বানিজ্যিক ভাবে উচ্চ মূল্যের ফসল ও ফল বাগান স্থাপন বিষয়ক কৃষক প্রশিক্ষণ ০২। বিজ্ঞান ভিত্তিক পিয়াজ উৎপাদন বিষয়ক প্রশিক্ষণ। | উপজেলা কৃষি অফিসার ৩০ জুলাই, ২০২১ |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব মোঃ মনিরুজ্জামান মনির
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
৩
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।

তারিখঃ ১৮/০৭/২০২১খ্রিঃ

স্মারক নং-

বিতরণ

- (১) উপজেলা ভাইস চেয়ারপারসনগণ
- (২) সদস্য উপজেলা পরিষদ

সদয় অবগতির জন্য অনুলিপি

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী -২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
২. জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৫. উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী।
৬. অফিস কপি।